# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**08 JULY 2025** **7:45—7:55 PM IST**

==================================================

১) উত্তর-পূর্ব সীমান্ত রেলের লামডিং-বদরপুর রেল লাইনের মুপা-দিহাখো ষ্টেশনের মধ্যবর্তী স্থানে ধ্বস পড়ার পরিপ্রেক্ষিতে বেশকটি ট্রেনের যাত্রা সম্পূর্ণ ও আংশিক বাতিল এবং দুটি ট্রেনের সময়সূচি পুর্নর্নির্ধারণ ।

২) আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের উচ্চতর মাধ্যমিক প্রথম বর্ষে ভর্তির জন্য আজ থেকে ১২ জুলাই পর্যন্ত দর্পন পোর্টাল পুনরায় খোলা রাখার কথা ঘোষণা ।

৩) রাজ্যিক ঘরোয়া উৎপাদন ১৩ থেকে ১৪ শতাংশ পর্যন্ত বৃদ্ধি পেয়েছে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার প্রকাশ ।

এবং

৪) ২০২৬ সালে হজ যাত্রার জন্য আজ থেকে আনুষ্ঠানিকভাবে অন-লাইন আবেদন প্রক্রিয়া শুরু ।

------------------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেলের লামডিং-বদরপুর রেল লাইনের মুপা-দিহাখো ষ্টেশনের মধ্যবর্তী স্থানে ধ্বস পড়ার পরিপ্রেক্ষিতে এই লাইনে চলাচল করা বেশ কয়েকটি ট্রেনের যাত্রা সম্পূর্ণভাবে বাতিল , আংশিক বাতিল এবং কয়েকটি ট্রেনের যাত্রার সময়সূচির পরিবর্তন করা হয়েছে। এই অনুসারে রঙ্গিয়া - শিলচর এক্সপ্রেস , , গৌহাটি - শিলচর এক্সপ্রেস , গৌহাটি - দুর্লভ ছড়া এক্সপ্রেস , গৌহাটি - বদরপুর টৌরিষ্ট এক্সপ্রেস , শিলচর - কোলকাতা স্পেশাল এবং আগরতলা - গৌহাটি স্পেশাল ট্রেনগুলি সম্পূর্ণভাবে বাতিল করা হয়েছে । এছাড়া , শিলচর - সেকেন্দ্রাবাদ এক্সপ্রেস , আগরতলা - কোলকাতা এক্সপ্রেস , আগরতলা - বেঙ্গালুরু হামসফর এক্সপ্রেস এবং চেরলাপেল্লি - আগরতলা স্পেশাল ট্রেনগুলি আংশিক বাতিল করা হয়েছে । অন্যদিকে

দুটি ট্রেনের যাত্রার সময়সূচি পুর্ননির্ধারণ করা হয়েছে এই অনুসারে আগরতলা - ফিরোজপুর সেন্ট্রাল এক্সপ্রেস ট্রেনটি ১০ জুলাই বিকেল ৩টা ২০ মিনিটের পরিবর্তে রাত ১১টা ৩০ মিনিটে এবং শিলচর - তিরুয়ানন্তপুরম সেন্ট্রাল এক্সপ্রেস ট্রেনটি ১০ জুলাই সন্ধ্যা সাড়ে সাতটার পরিবর্তে পরদিন অর্থাৎ ১১ জুলাই ভোর ৫টা ৩০ মিনিটে যাত্রা করবে ।

---------------------------------------------------------------------------------------------

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ উচ্চতর মাধ্যমিক প্রথম বর্ষে ভর্তির জন্য আজ থেকে ১২ ই জুলাই পর্যন্ত দর্পন পোর্টেল পুনরায় খোলা রাখার কথা ঘোষনা করেছে ।সেই অনুযায়ী পর্ষদ নামভর্তি সর্ম্পকীত সবিশেষ তথ্যের জন্য দুটি ওয়েবসাইট ডাব্লু ডাব্লু ডাব্লু . এএইচ এস ই সি . আসাম . গভ . ইন অথবা দর্পন . এএইচ এস ই সি . অনলাইন . ইন এ দেখার জন্য ছাত্র ছাত্রীদের আহ্বান জানিয়েছে । পর্ষদ নির্দেশে স্পষ্ট করে দিয়েছে নির্ধারিত সময়ের মধ্যে ছাত্র ছাত্রীদের আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে । একইভাবে শিক্ষাপ্রতিষ্ঠানগুলিতে আগামী ১৫ ই জুলাইর মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পূর্ন করতে হবে । নামভর্তি প্রক্রিয়া অফলাইনে আবেদন কোনো পরিস্থিতিতে গ্রহন করা হবেনা বলে নির্দেশে উল্লেখ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

নৌবাহিনীর প্রধান এডমিরাল দীনেশ কে ত্রিপাঠী , এয়ার চীফ মার্শাল এ পি সিং এবং স্থলসেনা বাহিনীর প্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী আজ নতুন দিল্লীতে সেনা বাহিনীর প্রবীন আধিকারীকদের সঙ্গে একটি বৈঠকে মিলিত হয়েছেন । তিনটি বাহিনীর আয়োজিত যৌথ সভায় সেনা বাহিনীর দায়বদ্ধতা নিয়ে আলোচনা করা হয়েছে । আগামী দিনের সম্ভাব্য যুদ্ধ সদৃশ পরিবেশের সঙ্গে মুখোমুখি হওয়ার জন্য সমন্বিত সামুদ্রিক এবং বায়ু সেনা বাহিনীর যুদ্ধ কৌশল সর্ম্পকে বিশেষ গুরুত্ব আরোপ করে যৌথ অভিযানের পরিকল্পনা গ্রহন করার উদ্দেশ্যে স্থল সেনা বাহিনীর প্রধান গুরুত্ব আরোপ করেন ।

---------------------------------------------------------------------------------------------

রাজ্যের ব্যাঙ্ক সমূহের ঋণ জমা হওয়ার অনুপাত পূর্বের ৩২ শতাংশ থেকে গত অর্থ বছরে ৭০ শতাংশ পর্যন্ত বৃদ্ধি পেয়েছে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা গতকাল দিশপুরে ভারতীয় ষ্টেট ব্যাঙ্ক , পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক , সেন্ট্রাল ব্যাঙ্ক অব ইন্ডিয়া এবং ইন্ডিয়ান ব্যাঙ্কের উচ্চপদস্থ আধিকারকদের সঙ্গে এক বৈঠকে মিলিত হয়ে এ কথা জানান । তিনি ব্যাঙ্কের ঋণ জমা অনুপাত ৮০ শতাংশে উন্নীত করার জন্য ব্যাঙ্ক সমূহের সহযোগিতা কামনা করেন । এই ক্ষেত্রে রাজ্য সরকার যাবতীয় সহযোগিতা

করবে বলেও তিনি উল্লেখ করেন । তিনি বলেন যে রাজ্যের পূর্বের অশান্ত পরিবেশের অবসান ঘটেছে এবং ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের তথ্য অনুসারে গত বছর দেশের বিভিন্ন রাজ্যের মধ্যে আসাম তৃতীয় দ্রুত বিকশিত রাজ্য হিসেবে পরিগণিত হয়েছে । আসামের মোট ঘরোয়া উৎপাদন ১৩ থেকে ১৪ শতাংশ পর্যন্ত বৃদ্ধি পেয়েছে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে রাজ্যের এই পরিবর্তীত পরিবেশে যুব প্রজন্মের আরো বেশী স্ব-নির্ভর হওয়ার সুযোগ গ্রহণ করা উচিৎ । এই ক্ষেত্রে ব্যাঙ্ক সমূহের সহযোগিতাই যুব প্রজন্মকে অর্থনৈতিকভাবে স্বনির্ভর করতে সহায়তা করা ছাড়াও রাজ্যের অর্থনীতিকে শক্তিশালী করে তুলবে বলে মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন । বৈঠকে কৃষক সমাজ যাতে উপকৃত হতে পারে সেই উদ্দেশ্যে ক্রেডিট কার্ড প্রদানের জন্য ব্যাঙ্কের স্থানীয় শাখাগুলিকে সক্রীয় ভূমিকা গ্রহণ করতে মুখ্যমন্ত্রী আহ্বান জানান । বৈঠকে অর্থ বিভাগ রাজ্যের অর্থনৈতিক অর্ন্তভুক্তির সাম্প্রতিক স্থিতি , ব্যাঙ্ক সমূহের ঋণ জমা অনুপাত , ব্যাঙ্ক শাখার নেটওয়ার্ক এ টি এম নেটওয়ার্ক , গ্রাহক সেবা কেন্দ্রের নেটওয়ার্ক ছাড়াও রাজ্য সরকারের কয়েকটি উন্নয়ন মূলক প্রকল্পের অগ্রগতি নিয়ে পর্যালোচনা করা হয় ।

---

কেন্দ্রীয় হজ কমিটি আনুষ্ঠানিকভাবে হজ ২০২৬-এর আবেদন প্রক্রিয়া শুরু করেছে । হজে যেতে ইচ্ছুক ব্যাক্তিরা সরকারী হজ পোর্টাল এবং হজ সুবিধা মোবাইল এপ্লিকেশনের মাধ্যমে আবেদন করতে পারবেন । অন-লাইনে আবেদন করার সময়সীমা এ মাসের শেষ পর্যন্ত চলবে । কেন্দ্রীয় সংখ্যালঘু বিষয়ক মন্ত্রনালয় জানিয়েছে যে হজে যেতে ইচ্ছুক ব্যাক্তিদের বাধ্যতামূলকভাবে একটি মেশিন রিডেবল পাশপোর্ট থাকতে হবে যা আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখের আগে ইস্যু হয়েছে এবং ওই পাশপোর্টের বৈধতা ২০২৬ সালের ডিসেম্বর মাস পর্যন্ত থাকতে হবে । অন-লাইনে আবেদন করার আগে আবেদনকারীদের তাদের প্রস্তুতি একশো শতাংশ নিশ্চিত করার আহ্বান জানিয়ে মৃত্যু অথবা গুরুতর চিকিৎসা সংক্রান্ত বিষয় ছাড়া অন্য কোন কারণে আবেদন পত্র বাতিল করা যাবেনা বলে মন্ত্রনালয় সূত্রে জানানো হয়েছে ।

---

রাজ্যের বিভিন্ন জেলায় জাপানিস এনকেফেলাইটিস রোগের সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় শ্রীভূমি জেলার সব স্বাস্থ্য কর্মী , উপকেন্দ্র ও প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের ইনচার্জ , ব্লক ও জেলা হাসপাতাল কতৃপক্ষকে এই রোগ প্রতিরোধে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেওয়া হয়েছে । জেলা স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক এক্ষত্রে কিছু প্রয়োজনীয় বিষয় অনুসরণ করা সহ বাস্তবায়ন করতে নির্দেশ দিয়েছেন । তৃণমূল পর্যায়ের স্বাস্থ্যকর্মী , আশাকর্মী , সহায়িকা , সমাজ কর্মীদের প্রতিটি পরিবারে গিয়ে জ্বর মাথাব্যথা বমি ইত্যাদি উপসর্গ

রয়েছে কিনা পর্যবেক্ষণ করে উপসর্গযুক্ত রোগীদের তাৎক্ষণিকভাবে কাছের কোনো হাসপাতালে পাঠাতে বলা হয়েছে । মশা নিয়ন্ত্রনে সহায়তার জন্য গ্রামাঞ্চলে নালার জল নিষ্কাষন , জমে থাকা জল অপসারণ , ইত্যাদি উৎস্য নির্মূল কার্যক্রম চালাতে বলা হয়েছে । মশার কামড় থেকে বাচতে সম্পূর্ন হাতের বস্ত্র , মশারি ও প্রাকৃতিক তেল বা লিকুইড মশানাশক ব্যবহারের পরামর্শ দেওয়া হয়েছে । শ্রীভূমি জেলা সদরে ২৪ ঘন্টার জন্য একটি নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন করা হবে ।সব দায়িত্বপ্রাপ্ত কর্মীদের সবোচ্চ সতর্কতা ও নির্দেশাবলী অনুসরণ করে জাপানিস এনকেফেলাইটিস প্রতিরোধে সক্রিয় ভূমিকা গ্রহণ করতে নির্দেশ দেওয়া হয়েছে ।

---

রাজ্যের ক্রীড়া ও যুব কল্যান সঞ্চালকালয় থেকে আসামের স্থায়ী বাসিন্দা ক্রীড়া ব্যাক্তিত্ব যারা অলিম্পিক গেইম , কমনওয়েলথ গেইম , অলিম্পিক অনুমোদিত ক্রীড়া ক্ষেত্রে বিশ্ব চ্যাম্পিয়ান ও জাতীয় ক্রীড়ায় মেডেল বিজয়ী , এককালীন ও নিয়মিত ক্রীড়া পেনশন প্রদানের জন্য তাদের কা ছ থেকে দরখাস্ত আহ্বান করা হয়েছে । শ্রীভূমির জেলা ক্রীড়া আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে যেসব ক্রীড়া ব্যাক্তিত্ব ইতিমধ্যে ক্রীড়া পেনশনের জন্য নির্বাচিত হয়েছেন , তাদেরকে আর আবেদন করতে হবে না । ক্রীড়া ব্যাক্তিত্ব যারা ক্রীড়া পেনশন পেতে ইচ্ছুক , তাদেরকে নির্ধারিত প্রপত্র পূরন করে আগামী ১৫ই জুলাই-র মধ্যে জেলা ক্রীড়া আধিকারীকের কার্য্যলয়ে আবেদন করতে হবে । আবেদন করার সময় মেডেল বিজয়ের প্রমান পত্র সহ যাবতীয় নথিপত্র সঙ্গে জমা করতে হবে । বিশদ বিবরন জেলা ক্রীড়া আধিকারীকের কার্য্যলয়ে পাওয়া যাবে ।

---

শ্রীভূমি জেলা উন্নয়ন সমন্বয় ও পর্য্যবেক্ষন কমিটির ২০২৫-২৬ অর্থ বছরের প্রথম ত্রৈমাসিক বৈঠক আজ জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়েছে । সাংসদ কৃপানাথ মালার পৌরহিত্যে আয়োজিত সভায় জেলার সামগ্রিক উন্নয়নের বিভিন্ন দিক ও উন্নয়নমূলক প্রকল্পের বাস্তবায়ন নিয়ে আলোচনা করা হয়েছে । সভায় জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী, বিজেপির জেলা সভাপতি সঞ্জীব বণিক সহ বিভাগীয় আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

---

হাইলাকান্দি রোটারী ক্লাবের ২১তম বোর্ড সদস্যরা গত রবিবার সন্ধ্যায় দায়িত্বভার গ্রহন করেন । ক্লাবের ২০২৫-২৬ রোটারী বর্ষের জন্য নতুন সভাপতি হিসেবে ত্রিদিবেশ

চক্রবর্তী ও সম্পাদক হিসেবে কামাল হোসেন চৌধুরী দায়িত্বভার গ্রহন  করেন । পরে ক্লাবের আগামী দিনের কর্মপন্থা নিয়ে আলোচনা করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------------------